

আসসালামুআলাইকুম ওয়া রাহমাতুল্লাহহ ওয়া বারাকাতুল্হ
বিসমিল্লাহির রহমাহির রহীম

The throne of Allah is the
reigning center of Allah
in Islam, Christianity & Judaism

আল্লাহর সিংহাসন (আরশ), যেখান থেকে তিনি মহাবিশ্বের সব কিছু পরিচালনা করেন।

মুসলিম, খ্রিস্টান ও ইহুদিরা এটা বিশ্বাস করে।

এবং এটাও বিশ্বাস করে এটা সাত আসমানের উপরে অবস্থিত।

পবিত্র কোরআনের আয়াত সমূহ

ثُمَّ اسْتَوَىٰ عَلَى الْعَرْشِ يُغْشَى الْيَلَّ النَّهَارَ

১. অতঃপর সমাসীন হয়েছেন আরশের উপর। তিনি দিনকে ঢেকে দেন রাত দিয়ে। (সূরা ৭ আল আরাফা আয়াত ৫৪)

عَلَيْهِ تَوَكَّلْتُ وَهُوَ رَبُّ الْعَرْشِ الْعَظِيمِ

২. তারই উপর আমি তাওয়াক্কুল করলাম, তিনিই মহান আরশের প্রভু। (সূরা ৯ আত তাওবা আয়াত ১২৯)

ثُمَّ اسْتَوَىٰ عَلَى الْعَرْشِ يُدَبِّرُ الْأَمْرَ

৩. অতঃপর তিনি সমাসীন হয়েছেন আরশে। সব বিষয় তিনি পরিচালনা করেন। (সূরা ১০ ইউনুস আয়াত ৩)

وَكَانَ عَرْشُهُ عَلَى الْمَاءِ لِيَبْلُوكُمْ أَيُّكُمْ أَحْسَنُ عَمَلًا وَلَئِنَّ

৪. এবং তার আরশ ছিল পানির উপর, তোমাদের মধ্যে আমলের দিক থেকে কে উত্তম তা পরীক্ষার উদ্দেশ্যে।
(সূরা ১১ হুদ আয়াত ৭)

ثُمَّ اسْتَوَىٰ عَلَى الْعَرْشِ وَسَخَّرَ الشَّمْسَ وَالْقَمَرَ

৫. অতঃপর তিনি সমাসীন হয়েছেন আরশের উপর এবং সূর্য ও চাদকে (নিদৃষ্ট বিধানের) অধীন করে
দিয়েছেন। (সূরা ১৩ আর রাদ আয়াত ২)

الرَّحْمَنِ عَلَى الْعَرْشِ اسْتَوَىٰ

৬. তিনি দয়াময়-রহমান, আরশে সমাসীন। (সূরা ২০ তোয়াহা আয়াত ৫)

فَسُبْحَانَ اللَّهِ رَبِّ الْعَرْشِ عَمَّا يَصِفُونَ

৭. সুতরাং তাদের আরোপিত সব অপবাদ থেকে **আরশের** মালিক আল্লাহ অনেক উর্ধে, মহান, ও পবিত্র।
(সূরা ২১ আশ্বিয়া আয়াত ২২)

قُلْ مَنْ رَبُّ السَّمَوَاتِ السَّبْعِ وَرَبُّ الْعَرْشِ الْعَظِيمِ سَيَقُولُونَ لِلَّهِ قُلْ أَفَلَا تَتَّقُونَ

৮. হে নবী! তাদের জিজ্ঞেস করো, সাত আসমান ও **আরশে** আযীমের রব কে? অবিলম্বেই তারা বলবে 'আল্লাহ'। বলো, তবে কেন তোমরা সতর্ক হও না? (সূরা ২৩ আল মুমিন আয়াত ৮৬,৮৭)

فَتَعَلَى اللَّهِ الْمَلِكُ الْحَقُّ لَا إِلَهَ إِلَّا هُوَ رَبُّ الْعَرْشِ الْكَرِيمِ

৯. অতীব মহান আল্লাহ প্রকৃত সম্রাট, কোনো ইলাহ নেই তিনি ছাড়া। সম্মানিত **আরশের** তিনি মালিক।
(সূরা ২৩ আল মুমিনুন আয়াত ১১৬)

ثُمَّ اسْتَوَىٰ عَلَى الْعَرْشِ الرَّحْمَنُ فَسئَلُ بِهِ خَبِيرًا

১০. অতঃপর তিনি সমাসীন হয়েছেন **আরশের** উপর। তিনি আর-রহমান, পরম দয়াবান, তার সম্পর্কে যে খবর রাখে তাকে জিজ্ঞাসা করে দেখো। (সূরা ২৫ আল ফুরকান আয়াত ৫৯)

اللَّهُ لَا إِلَهَ إِلَّا هُوَ رَبُّ الْعَرْشِ الْعَظِيمِ

১১. আল্লাহ তিনি ছাড়া কোনো ইলাহ নেই, তিনি মহান **আরশের** মালিক (সেজদার আয়াত)।
(সূরা ২৭ আন নামল আয়াত ২৬)

ثُمَّ اسْتَوَىٰ عَلَى الْعَرْشِ مَا لَكُمْ مِنْ دُونِهِ مِنْ وَلِيٍّ وَلَا شَفِيعٍ أَفَلَا

১২. অতঃপর তিনি সমাসীন হন **আরশে**। তিনি ছাড়া তোমাদের কোনো অলিত (বন্ধু) নেই, শফী ও সফায়াকারী নেই। (সূরা ৩২ আস সাজদা আয়াত ৪)

وَتَرَى الْمَلَائِكَةَ حَافِينَ مِنْ حَوْلِ الْعَرْشِ يُسَبِّحُونَ بِحَمْدِ رَبِّهِمْ

১৩. আর তুমি দেখতে পাবে, ফেরেশতারা **আরশের** চারপাশে বৃত্ত বানিয়ে ঘোষণা করছে তাদের প্রভুর প্রশংসার তসবিহ। (সূরা ৩৯ আয যুমার আয়াত ৭৫)

الَّذِينَ يَحْمِلُونَ الْعَرْشَ وَمَنْ حَوْلَهُ يُسَبِّحُونَ بِحَمْدِ رَبِّهِمْ

১৪. যারা (যেসব ফেরেশতা) আল্লাহর আরশ ধারণ করে আছে এবং যারা আছে আরশের চারপাশে, তারা তাদের প্রভুর প্রশংসা তসবিহ করছে। (সূরা ৪০ আল মুমিন/ গাফির আয়াত ৭)

رَفِيعُ الدَّرَجَاتِ ذُو الْعَرْشِ

১৫. তিনি উঁচু মর্জাদার অধিকারী, আরশের অধিপতি। (সূরা ৪০ আল মুমিন/ গাফির আয়াত ১১)

سُبْحَانَ رَبِّ السَّمَاوَاتِ وَالْأَرْضِ رَبِّ الْعَرْشِ عَمَّا يَصِفُونَ

১৬. মহাবিশ্ব ও পৃথিবীর প্রভু আরশের অধিপতি প্রতি তারা যা আরোপ করেছে, তা থেকে তিনি পবিত্র, মহান। (সূরা ৪৩ আজ যুখরুফ আয়াত ৮২)

ثُمَّ اسْتَوَىٰ عَلَى الْعَرْشِ يَعْلَمُ مَا يَلِجُ فِي الْأَرْضِ وَمَا يَخْرُجُ مِنْهَا

১৭. অতঃপর তিনি সমাসীন হয়েছেন আরশে। তিনি জানেন যা প্রবেশ করে জমিন এবং যা বের হয় জমিন থেকে। (আয়াত ৫৭ আল হাদীদ আয়াত ৪)

وَالْمَلِكُ عَلَىٰ أَرْجَائِهَا وَيَحْمِلُ عَرْشَ رَبِّكَ فَوْقَهُمْ يَوْمَئِذٍ ثَمَنِيَّةٌ

১৮. ফেরেশতারা অবস্থান করবে তার (আরশের) প্রান্তে। সেদিন তাদের উপর আটজন (ফেরেশতা) ধারণ করবে তোমার প্রভুর আরশ। (সূরা ৬৯ আল হাককাহ আয়াত ১৭)

ذُو الْعَرْشِ الْمَجِيدُ

১৯. মহিমান্বিত আরশের অধিপতি। (সূরা ৮৫ আল বুরুজ আয়াত ১৫)

আল্লাহ তায়ালা বিশ্বজগতের সর্বত্র বিরাজমান, কথাটা সঠিক নয়। আল্লাহ তায়ালা সৌরজগতের সবকিছু সম্পর্কে অবহিত এবং এগুলো পরিচালনা করেন এবং প্রত্যেকের প্রয়োজন পূরণ করেন। আল্লাহ আরশে সমাসীন। আল্লাহ সম্পর্কে সঠিক জ্ঞান আমাদেরকে তিনি দান করুন।

আমীন

আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহ